



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd
প্রশিক্ষণ উইং



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮- ৩০২

তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি.

সভার কার্যবিবরণী


জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে “নৈতিকতা কমিটির” একটি সভা অদ্য ১৯/০৭/২০২১ খ্রি রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ভারুয়ালি অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। মহাপরিচালক মহোদয় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচালক (প্রশিক্ষণ) ও সদস্য সচিব নৈতিকতা কমিটি সভার আলোচ্যসূচি তুলে ধরেন। মহাপরিচালক মহোদয় সদস্যদের আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার আহ্বান জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ চূড়ান্ত প্রতিবেদন অনুমোদন	সভার সদস্যসচিব মহোদয় সভার সকল সদস্যদের মাঝে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২০-২১ এর সংক্ষিপ্ত কার্যক্রম তুলে ধরেন। করোনাকালীন সময়ে লকডাউনের মাঝে প্রশিক্ষণ কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। প্রস্তুতকৃত ২০২০-২০২১ এর স্ব মূল্যায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিটি অর্জনের সাথে যথাসম্ভব প্রমানক প্রদান করার জন্য সভার সদস্যগণ মতামত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভার সদস্যগণ প্রস্তুতকৃত স্বমূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করেন।	১. প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর স্ব মূল্যায়ন অনুমোদন এবং মন্ত্রণালয়ে প্রেরণ	সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
২.	বিবিধ	পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন করা হয়েছে। এই অর্থবছর থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা থেকে ১০ (দশ) নম্বর যোগ হবে সুতরাং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অনেক কার্যক্রম সম্পন্ন করে থাকে কিন্তু যথাযথ	১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সঠিকভাবে বাস্তবায়ন করা এবং প্রতিটি অর্জনের বিপরীতে যথাযথ প্রমাণক সংরক্ষণ করা এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করার	সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)

স্বাক্ষর

	<p>প্রমাণক সংরক্ষণ না করায় নানবিধ সমস্যা তৈরি হচ্ছে।</p> <p>সভাপতি মহোদয় যথাযথ প্রমাণক সংরক্ষণ এর বিষয়ে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>বিষয়ে নির্দেশনা প্রদান করে পত্র জারী করা</p>	
--	---	--	--

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)


মহাপরিচালক

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৩০২

তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক (মনিটরিং ও ইভ্যালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬. পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৮. সংরক্ষণ নথি



(মোঃ আনোয়ারুল আউয়াল খান)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা